PNL

# বার্তা
আমরা মানের কথা বলি

একটি ত্রৈমাসিক প্রকাশনা / ১০ম সংখ্যা, ডিসেম্বর ২০১৯



মোঃ মিজানুর রহমান
ট্যালেন্ট অব দি কোয়ার্টার
ত্রৈমাসিক বিক্রয় লক্ষ্য শতভাগের বেশী অর্জনের জন্য

গ্রাহকের চাহিদা পূরণে পেডরোলোর কার্যক্রম ৪

পানির অপচয় রোধে প্রযুক্তি ২

## m¤úv` Kxq

পিএনএল সবসময় চেষ্টা করে গ্রাহকের প্রয়োজনীয়তাকে প্রাধান্য দিয়ে তাদের আস্থা অর্জন করতে। তাই গ্রাহকের চাহিদা পূরণে নিত্যনতুন পণ্য ও মানসম্মত সেবার মাধ্যমে পিএনএল সারাবছর ছিল সচেষ্ট। যার ফলে পিএনএল সারাদেশে সুনাম অর্জন করেছে।

প্রকৃতিতে এখন শীতকাল। এই সময় দৈনন্দিন প্রয়োজনে গরম পানির চাহিদা বেড়ে যায়। আমাদের এই সংখ্যায় থাকছে গরম পানি পানের ভাল মন্দ, পানির অপচয় রোধে প্রযুক্তি ও পেডরোলোর সাথে ব্যবসায়িক অগ্রযাত্রায় সহযাত্রীদের অভিমত। তাছাড়া এই বছরে পেডরোলোর জনপ্রিয় সব পণ্য নিয়ে রয়েছে বিশেষ ফিচারসহ অন্যান্য সংবাদ।

পিএনএল পরিবার তাদের গভীর শ্রদ্ধাভরে স্বরণ করে যাদের সাহসিকতা ও সীমাহীন আত্মত্যাগের বিনিময়ে স্বাধীন বাংলাদেশের পতাকা বিশ্বের বুকে মাথা তুলে দাঁড়িয়েছে। সবাইকে বিজয়ের শুভেচ্ছা।

পরিশেষে, আমাদের সকল গ্রাহক, পরিবেশক ও শুভানুধ্যায়ীদের অগ্রিম ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা এবং নতুন বছর সবার জীবনে বয়ে আনুক অনাবিল, সুখ, শান্তি ও সমৃদ্ধি। শুভ নববর্ষ।

## গরম পানি পান করা ভালো নাকি মন্দ?

শরীর সুস্থ রাখতে হলে পরিমিত পানি পানের বিকল্প নেই। তাই কম বেশি পানি আমরা সবাই পান করি। আপনি কি জানেন, গরম পানি পান শরীরের জন্য অনেক উপকারী।

- গরম পানি শরীরের বিপাক ক্রিয়া খুব ভালভাবে সম্পন্ন করে। যার ফলে বাড়তি মেদ কমার পাশাপাশি ওজন কমে।
- ঠান্ডা লাগা, কফ জমে যাওয়া এবং গলা ব্যথায় গরম পানি খুব কার্যকর ভূমিকা রাখে। গরম পানি গলা ও নাসারন্ধ্রের মধ্যে সমন্বয় সাধন করবে।
- গরম পানি পান করলে শরীরের তাপমাত্রা বাড়তে শুরু করে। ফলে ঘাম ঝরবে। ঘামের সাথেই শরীরের অনেক ধরনের বর্জ্য বের হয়ে যাবে। এতে শরীর সুস্থ্য থাকবে।
- গরম পানি বর্জ্য পদার্থ শরীর থেকে বের করে দিয়ে ত্বক পরিষ্কার রাখে। এতে ব্রণ ও ফুস্কুড়ি হওয়ার সম্ভাবনা কমে।
- গরম পানি চুলের গোড়ায় থাকা স্নায়ু কার্যকর করে চুল শক্ত করে। ফলে চুল নরম ও উজ্জ্বল থাকে। এটি ফিরে পায় স্বাভাবিক জীবনীশক্তি।
- গরম পানি শরীরে রক্ত চলাচল স্বাভাবিক রাখে। ফলে পেশী ও স্নায়ু সক্রিয় থাকে।
- খাদ্য গ্রহণের পর গরম পানি খাদ্য তাড়াতাড়ি হজম করতে সহায়তা করে। এটা খাবারের চর্বি ভেঙ্গে তা হজম বা নিঃসরণে সহায়তা করে। ফলে হজম প্রক্রিয়া ভাল হয়।




## ব্যবসায়িক অগ্রযাত্রায় সহকর্মী ও সহযোগীরা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাদের মতামত আমাদের কাছে মূখ্য। আমরা প্রতিনিয়ত বিভিন্ন পর্বে ঐ মতামত গুলো তুলে ধরবো- (পর্ব-০১)

আমরা মনে করি, যেকোন অগ্রযাত্রায় সহকর্মী, সহযাত্রীরা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমাদের এই পথ চলায় আমাদের সহযাত্রীরা “কে কি বলেন” নামক একটি পর্ব চালু করেছি, যাতে সবাই পেডরোলোর সাথে তার পথ চলার অভিজ্ঞতা শেয়ার করতে পারে। আমরা প্রতিটি সংখ্যায় আপনার মূল্যবান মতামত আমাদের পাঠকের কাছে তুলে ধরবো। আপনার মতামত পাঠানোর ঠিকানাঃ পিএনএল হোল্ডিংস লিমিটেড, মানব সম্পদ বিভাগ, পেডরোলো প্লাজা, ৫ জুবিলি রোড, চট্টগ্রাম; অথবা আমাদের মেইল করতে পারেনঃ hr@pnl-bd.com

**জনাব এরশাল উল্ল্যাহ চৌধুরীর মতামতঃ** পেডরোলো এনকে লিমিটেড ১৯৮৫ সাল থেকে বাংলাদেশে প্রতিষ্ঠিত। বরাবরের মত পেডরোলো উন্নতির অগ্রযাত্রায় এগিয়ে যাচ্ছে। বাংলাদেশের অর্থনৈতিক অবকাঠামো বিনির্মাণে এই প্রতিষ্ঠানের অবদান অপরিসীম। আমি পেডরোলোর সাথে ব্যবসা শুরু করি ১৯৯৫ সাল থেকে। “মানুষ মানুষের জন্য” এবং কথাটির প্রধান তাৎপর্যময় বিষয় হলো ভালবাসা। পেডরোলো এনকে লিমিটেডের এই ব্যবসায়িক ভালবাসা এবং আমার নিরলস প্রচেষ্টায় আল্লাহর অশেষ

(বাকি অংশ ২য় পৃষ্ঠায়)

## সাবমার্সিবল পাম্প চালানোর টিপস

- কন্ট্রোল বক্স ছাড়া সাবমার্সিবল পাম্প চালাবেন না।
- পানির লেভেল মেপে সাবমার্সিবল পাম্প বোরিং এ স্থাপন করুন।
- অবশ্যই বোরিং পরিষ্কার করার পরে পাম্প স্থাপন করুন।
- পানির লেভেল বা সেন্সর স্থাপন নিশ্চিত হয়ে পাম্প চালু করুন।
- বোরিং এর সঠিক ডাটা নিশ্চিত হয়ে পাম্প মডেল নির্বাচন করুন।

যেকোন প্রয়োজনে পেডরোলোর দক্ষ সার্ভিস টিমের সহায়তা নিন। আমাদের হটলাইন নাম্বার ১৬৩০৮ এ ফোন করে আপনার সমস্যা জানান।

# পানির অপচয় রোধে প্রযুক্তি

চাষের জমি বলুন অথবা ফুলের বাগান। জমিতে সেচ আর বাগানে জমি ভেজাতে গিয়ে পানির অপচয় হয় না, এমন কথা বলা যাবে না। জমি ছাপিয়ে পানি বেরিয়ে যাওয়ার দৃশ্য চাষের মৌসুমে প্রায়ই চোখে পড়ে। পরিবেশবিদরা বলছেন, বৃষ্টির ধরন বদলানোয় এমনিতেই ভূগর্ভস্থ জলের ভাঁড়ারে টান পড়ছে। সেই অবস্থায় পানির এই ধরনের অপচয় ভবিষ্যতে জলসঙ্কট ডেকে আনতে পারে। যার মাসুল গুনতে হতে পারে ভবিষ্যৎ প্রজন্মকে। তা হলে উপায় কী? চাষের বা বাগানের জমি ভেজাতে ঠিক কতটা জল লাগবে, সেটা কি কারও পক্ষে বোঝা সম্ভব? নাকি সেভাবে পাম্প চালানো যায়?

তিন ইঞ্জিনিয়ারিং পড়ুয়াই বাতলাচ্ছেন সেই উপায়। ভারতের লিলুয়ার এমসিকেভি ইঞ্জিনিয়ারিং কলেজের কম্পিউটার-ইঞ্জিনিয়ারিংয়ের তিন ছাত্রছাত্রী তুহেলি ভট্টাচার্য, রাহুল রায় এবং সুমিত সাহা বানিয়ে ফেলেছেন এক অদ্ভুত যন্ত্র। নাম দিয়েছেন স্মার্ট ইরিগেশন সিস্টেম (Smart Irrigation System)। তাদের দাবি, এই প্রযুক্তিকে কাজে লাগিয়ে পানির অপচয় রোধ করা সম্ভব।

কীভাবে কাজ করবে এই যন্ত্র? ভিজে ভাব বা আর্দ্রতা ধরার উপযোগী সেন্সর চাষের বা বাগানের জমিতে পোঁতা থাকবে। মাটি পর্যাপ্ত ভাবে ভিজলেই



সেন্সর সেই বার্তা পৌঁছে দেবে পাম্পের সঙ্গে থাকা মূল সার্কিট বোর্ড বা -আর্ডুইনো ডিভাইসে। সেন্সরের বার্তা বুঝে সেটি পাম্প বন্ধ বা চালু করবে। এই আর্ডুইনো-ই হচ্ছে গোটা ব্যবস্থার প্রাণকেন্দ্র, বলছেন তুহেলি। এই ব্যবস্থা পরীক্ষাগারে সফল হয়েছে।

বিষয়টিকে আরও উন্নত করার ব্যাপারেও ভাবনাচিন্তা চলছে। যাতে কার্যক্ষেত্রে আর্ডুইনো ডিভাইস ব্যবহারে কোনও সমস্যা না হয় খেয়াল রাখা হচ্ছে সে দিকেও, ব্যাখ্যা করে বোঝালেন রাহুল এবং সুমিত।

## †Kvi Av‡bi Av‡jv‡K cwb

ÔÔAwg AvKvk †_‡K cwb el©Y K‡i _wK cwigvY gZ, AZtci Awg Rwg‡b msiÿY Kwi Ges Awg Zv AcmviYI Ki‡Z m¶g|Õ [myiv gyigbyb 23:18]

# পানি সংকটে সারাবিশ্ব (কার্টুন)



# ব্যবসায়িক অগ্রযাত্রায় পেডরোলোর সহযাত্রীরা কে কি বলেন?

(১ম পৃষ্টার বাকি অংশ)

নিরলস প্রচেষ্টায় আল্লাহর অশেষ রহমতে ব্যবসায়িক জীবনে সফলতা অর্জন করেছি। বেশ কয়েকবার পেডরোলো কর্তৃক "বিজনেজ টাইকুন" খেতাব অর্জন করেছি। আমি আমার দীর্ঘ ব্যবসায়িক জীবনে অনেক প্রতিষ্ঠানের সাথে ব্যবসা করেছি। তাদের মাঝে পেডরোলো খুব আন্তরিকতার সাথে তাদের ব্যবসায়িক সুসম্পর্ক বজায় রেখেছে। তাছাড়া আমি পেডরোলো প্রতিষ্ঠানের পক্ষ থেকে দেশের বাইরে অনেক জায়গায় ভ্রমণ করেছি। পেডরোলো সকল অনুষ্ঠান আন্তরিকতার সাথে সম্পন্ন করেছে। যখনি দেশের বাইরে নিজের পরিবার পরিজন ছেড়ে ঘুরতে যেতাম, তখনই মন কিছুটা হলেও খারাপ হত। কিন্তু জনাব নাদের খান সাহেব যখন কথার ছলে বলতেন "উই আর ফ্যামিলি", তখন নিজেকে আর অসহায় মনে হতো না। সাথে সাথে মন ভাল হয়ে যেত, ভাবতাম পরিবারের সাথেই তো আছি। ভয় বা মন খারাপের কিছু নেই। আমি পেডরোলো প্রতিষ্ঠানের সার্বিক উন্নতি কামনা করি।" **মেসার্স আল-আমিন হার্ডওয়্যার, ইসলামপুর রোড, ফেনী।**

**অজয় কুমার সাহার মতামতঃ** দীর্ঘ ৩০ বছর পেডরোলো পাম্প বিক্রয় করে আসছি। এই পাম্পের অনেক সুনাম অর্জন করেছি। এখনো করি। মনে পড়ে ১৯৯৫ সালে লাকসাম হাইস্কুল মাঠে বিজয় মেলায় পেডরোলো পাম্পের কার্যক্রম দেখাইয়া ছিলাম। তাহাতে কৃষক খুবই আনন্দ প্রকাশ করেছিল। ঐদিন জনাব নাদের খান সাহেব উপস্থিত ছিলেন। আমি উনাকে ধন্যবাদ জানাই। **পুষণ পেইন্ট এন্ড ইলেক্টনিক্স, লাকসাম, কুমিল্লা।**

# একনজরে ২০১৯ সালের জনপ্রিয় পণ্য

গ্রাহকের চাহিদাকে অনুধাবন করে পেডরোলো সবসময় বাজারে নিত্য নতুন পণ্য নিয়ে আসে। সে মোতাবেক পেডরোলো সারা বছরে নিয়ে এসেছে নতুন প্রযুক্তির অত্যাধুনিক সব পণ্য। এক নজরে দেখে নেয়া যাক বছরের সেরা পণ্য গুলো -

## ◆ ম্যাক্সওয়েল পানির হিটার



Model: X3-30L
Dimension: 385x525mm



Model: X3-40L
Dimension: 385x635mm

শীতের সময় গোসলে, নিত্য প্রয়োজনে গরম পানির প্রয়োজন বেড়ে যায়। ম্যাক্সওয়েল পানির হিটার হতে পারে আপনার একমাত্র সমাধান। স্বয়ংক্রিয় থার্মোস্ট্যাট ও পানির তামপাত্রা নিয়ন্ত্রণে সুবিধা সম্বলিত বিভিন্ন মডেলের ম্যাক্সওয়েল পানির হিটার আপনার জীবনযাত্রাকে করবে আরামদায়ক।

## ◆ পেডরোলো সাবমার্সিবল পাম্প



4SR2/39-PD

### 4" Submersible Pump

| HP | Head | Flow |
|---|---|---|
| 3 | 75-250m | 60-10 l/min |

ঘরোয়া, সাধারণ ও শিল্প কারখানায় ব্যবহার উপযোগী এই পাম্প বিভিন্ন সেচ কাজ, অগ্নি নির্বাপণে প্রেসার বুস্ট, ওয়াশিং প্লান্টে ব্যবহার করা যায়। তাছাড়া পানি সরবরাহের জন্য প্রেসার ট্যাংকেও এই পাম্প বিশেষ উপযোগী।

## ◆ পেডরোলো সেলফ প্রাইমিং জেট পাম্প



JCRm 2CL

### Self-Priming Jet Pump

| HP | Head | Flow |
|---|---|---|
| 1 | 14.5-36m | 70-5 l/min |

ব্যবহারিক দৈনন্দিন ও গৃহস্থালী কাজে এই পাম্প ব্যাপকভাবে ব্যবহৃত হয়। এই পাম্প এমন ভাবে নকশা করা হয়েছে যাতে বাতাসের উপস্থিতিতেও পানি প্রবাহ করা যায়।

## ◆ পেডরোলো সাবমার্সিবল ড্রেনেজ পাম্প



BCm15/50-ST

ডাবল চ্যানেল ইমপেলার সমৃদ্ধ এই পাম্প পানিতে থাকা সর্বোচ্চ ৫০ মিলিমিটার আয়তনের ময়লা আবর্জনাসহ পানি প্রবাহ করতে পারে। ময়লা ও কাঁদা পানিতে নিষ্কাশনের জন্য এই পাম্প আদর্শ যা শিল্প কারখানা, ঘরোয়া ও সাধারণ কাজে ব্যবহার করা যাবে।

### Submersible Drainage Pump

| HP | Head | Flow |
|---|---|---|
| 1.5 | 2-14m | 750-50l/min |

## ◆ পেডরোলো মাল্টি-স্টেজ সেন্ট্রিফিউগাল পাম্প



3CPm 80



4CRm100

### Multi-Stage Centrifugal Pump

| HP | Head | Flow |
|---|---|---|
| 0.6 | 11-38m | 7-30 l/min |
| 1 | 11-50m | 120-5 l/min |

ফুলের বাগান কিংবা ছোট বাগানে পানি সরবরাহ এবং ছোট ও মাঝারি সাইজের প্রেসার ট্যাংকের জন্য এই পাম্প ঘরোয়া ভাবে ব্যবহার উপযোগী।

## ◆ বিজি ফ্লো ফিশ-পন্ড পাম্প



Fish pond Aeration

পুকুরে মৎস্য চাষের জন্য উপযোগী ও অক্সিজেন সরবরাহের জন্য আমাদের রয়েছে বিজিফ্লো ব্র্যান্ডের বিদ্যুৎ সাশ্রয়ী ফিশ-পন্ড পাম্প। পাম্পটির বায়ু গ্রহণ ক্ষমতা ঘন্টায় ১২ ঘনমিটার যা পানিতে সর্বোচ্চ ৮০ ঘনমিটার পর্যন্ত প্রবাহ সৃষ্টি করে। এই ফিশ-পন্ড পাম্প আপনার মৎস্য চাষকে সফল করবে বলে আশা করা যায়।

## ◆ বিজি ফ্লো সাবমার্সিবল পাম্প



3SFs 2/10

### 3" submersible pump

| HP | Head | Flow |
|---|---|---|
| 0.33 | 16-27 m | 39-19 l/min |

নিচু জমিতে যেখানে পানির লেভেল খুব বেশি গভীর নয় সেখানে কম খরচে এই পাম্প বিশেষ কার্যকর। ঘরোয়া কাজে মাটিতে অল্প খনন করেই এই পাম্প ব্যবহার করা যায়।

## পেডরোলো গোল্ড অফারের চেক হস্তান্তর



সম্প্রতি পেডরোলোর সম্মানিত পরিবেশক এ. হাকিম ব্রাদার্সকে ২০১৭-১৮ সালের গোল্ড অফারের চেক হস্তান্তর করা হয়েছে। এই অফারের আওতায় নির্দিষ্ট বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জনে পরিবেশকদের জন্য বিভিন্ন পুরষ্কারের ব্যবস্থা রাখা হয়। চট্টগ্রাম মেট্রোর আওতাধীন পেডরোলোর সম্মানিত পরিবেশক এ. হাকিম ব্রাদার্স শতভাগ বিক্রয় লক্ষ্যমাত্রা পূরণে সক্ষম হয়। এসময় উক্ত পরিবেশককে আট ভরি স্বর্ণের সমপরিমাণ অর্থের চেক প্রদান করা হয়।

## চট্টগ্রামের কেরানিহাটে প্লাম্বার সম্মেলন অনুষ্ঠিত



বিগত ১৯শে অক্টোবর চট্টগ্রামের কেরানিহাটস্থ এপল রেস্টুরেন্টে লোহাগাড়া, কেরানিহাট, বান্দরবান, দোহাজারী ও পটিয়ার প্লাম্বারদের নিয়ে প্লাম্বার সম্মেলন সফলভাবে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে পেডরোলো, বিজিফ্লো, ম্যাক্সওয়েল সহ অন্যান্য পণ্যের গুণগত মান সম্পর্কে প্লাম্বারদের অবহিত করা হয়। পাশাপাশি ব্যবসার উত্তোরোত্তর সমৃদ্ধির লক্ষ্যে গুরুত্বপূর্ণ মতবিনিময় হয়। প্লাম্বারদের অনুপ্রাণিত করতে উক্ত অনুষ্ঠানে স্থানীয় পরিবেশক, খুচরা বিক্রেতা ও প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## গ্রাহকের চাহিদা পূরণে পেডরোলোর কার্যক্রম

পেডরোলো এনকে লিমিটেড হলো পিনএনএল হোল্ডিংস লিমিটেডের অন্যতম প্রধান ব্যবসা প্রতিষ্ঠান। পেডরোলো প্রতিনিয়ত নিত্যনতুন উদ্ভাবনী পণ্য বাজারজাত করে পানির পাম্পের জগতে বাংলাদেশে শীর্ষস্থান অর্জন করেছে। দূরদর্শী চিন্তার মাধ্যমে গ্রাহকের চাহিদা বুঝে শিল্পকারখানা, সেচ, ঘরোয়া ও সাধারণ কাজে পানি ব্যবস্থাপনার যেকোন সমস্যা সমাধান করে পেডরোলো। গ্রাহকের প্রয়োজনীয়তাকে উপলদ্ধি করে আরো কার্যকর ও নিরবচ্ছিন্ন সেবা প্রদানের লক্ষ্যে পেডরোলো তার সহযোগী প্রতিষ্ঠান এজেডনিও লিমিটেডকে (একটি টেকনোলজি, কনসালটিং ও বিপিও) সাথে নিয়ে বেশ কিছু কার্যক্রম হাতে নিয়েছে।

**বাজারে জরিপ পরিচালনাঃ** গ্রাহকের চাহিদা ও প্রয়োজন বুঝতে আমরা সারা বাংলাদেশে নিয়মিত জরিপ পরিচালনা করি। যার মাধ্যমে অত্যাধুনিক প্রযুক্তির বিভিন্ন পানির পাম্প আমরা বাজারে নিয়ে আসি।

**লজিস্টিক সহায়তাঃ** নিরবচ্ছিন্ন ও দ্রুত লজিস্টিক সহায়তার মাধ্যমে গ্রাহকের কাছে সহজেই পণ্য সরবরাহ করা সম্ভব হয়। পেডরোলো প্রতিষ্ঠানের দক্ষ সরবরাহ দলের মাধ্যমে দেশব্যাপী আমাদের ২০৭ জন পরিবেশক, প্রায় ৪০০ খুচরা বিক্রেতা এবং ২৭ শো-রুমে চাহিদা মোতাবেক দ্রুত পণ্য সরবরাহ করা যায়।

**অর্ডার ব্যবস্থাপনা পদ্ধতিঃ** অর্ডার ব্যবস্থাপনা পদ্ধতি একটি অনলাইন প্লাটফর্ম যেখানে পরিবেশক সহজেই পণ্যের অর্ডার দিয়ে দ্রুত সময়ে পণ্য গ্রহণ করতে পারে।

**বিক্রয় পরবর্তী সেবাঃ** পানির পাম্পের যেকোন সমস্যা ও মেরামতে সারাদেশে পেডরোলোর প্রায় ২৫টি সার্ভিস সেন্টার রয়েছে। যার ফলে আমাদের দক্ষ প্রকৌশলীর মাধ্যমে যেকোন পেডরোলো পণ্যের বিক্রয় পরবর্তী সেবা নিশ্চিত হয়।

**কল সেন্টারঃ** পাম্প সম্পর্কিত গ্রাহকের যেকোন অভিযোগ জানাতে আমাদের রয়েছে কল সেন্টার সুবিধা। যার ফলে অভিযোগ পাওয়া মাত্র আমাদের সার্ভিস প্রকৌশলীরা আপনার পাম্প পরিদর্শন পূর্বক দ্রুত সমাধান করে।

**পাম্প ক্যালকুলেটরঃ** সঠিক পানির পাম্প খুঁজে পেতে আমাদের রয়েছে পাম্প ক্যালকুলেটর। যেখানে গ্রাহক নিজের প্রয়োজন অনুযায়ী তথ্য উপাত্ত দিয়ে সঠিক পাম্প নির্বাচন করতে পারে।

**তথ্য প্রযুক্তিঃ** নির্ভুল ও মসৃণ ব্যবসা কার্যক্রম পরিচালনায় তথ্য প্রযুক্তির ব্যবহার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। পেডরোলো পণ্যের সঠিক ব্যবস্থাপনা, মজুদ ও সঠিক সময়ে সঠিক গ্রাহককে সঠিক পণ্য বুঝে দিতে জার্মান প্রযুক্তির সফটওয়্যার ব্যবহার করে। যেকোন বিল বা ইনভয়েস এবং পণ্যের বিস্তারিত অনুসন্ধানে পেডরোলোর রয়েছে SAP সুবিধা। ব্যবসায়িক কার্যক্রম সুষ্ঠু ও নির্ভুল করার প্রয়োজনে আমাদের তথ্য প্রযুক্তি বিভাগ সহায়তা করছে।

প্রধান কার্যালয়ঃ পেডরোলো প্লাজা, ৫ জুবিলী রোড, চট্টগ্রাম-৪০০০, বাংলাদেশ। facebook.com/thinkPNL www.pnlholdings.com

বার্তা সম্পাদকীয়, প্রকাশনা ও পরিচালনায়ঃ এযেডনিও লিমিটেড (বিজনেস প্রসেস আউটসোর্সিং এজেন্সী) | www.az-neo.com